মুক্তিপথে প্রবেশ করিতে পারে। এই পর্য্যন্ত গ্রন্থের দ্বারা জ্ঞানযোগ উপদেশ করিয়া ভক্তিযোগের কথা তুলিবার জন্য বলিতেছেন—কিন্তু যদি কেহ শব্দব্রহ্ম বেদ ও বেদার্থ বিচারে নিপুণ অর্থাৎ পাণ্ডিত্যমাত্রে শ্লাঘা করেন অথচ পরব্রহ্ম অর্থাৎ পরতত্ত্বে ধ্যানাদি দ্বারা সাধন করেন না, তাহা হইলে তাহার সেই শাস্ত্র অধ্যয়ন কেবল পণ্ডশ্রম মাত্র। কিন্তু পুরুষার্থ-সাধনে অসমর্থ অর্থাৎ সেই শাস্ত্র অধ্যয়নে আত্যন্তিক দুঃখত্রয় নিবৃত্তি হইয়া পরমানন্দ লাভ করিতে পারে না। যেমন চিরপ্রসূতা ধেনুপালন করিলে তাহা হইতে দুগ্ধ পাইবার কোনই আশা করা যায় না, তেমনি কেবল শাস্ত্রার্থ বিচারে নিপুণ হইয়া যদি ভগবদুপাসনা না করেন, তাহা হইলে তাহার শাস্ত্র অধ্যয়ন কেবল ভেক্-কোলাহল মাত্র॥ ৬৭॥

অত্র পরব্রহ্মপদেন পরতত্ত্বমাত্রমুচ্যতে ন তু ব্রহ্মত্বভগবত্ত্বাদিবিবেকেনেতি জ্ঞেয়ং সর্ব্বত্র তৎসামান্যাৎ। তদেবং শব্দব্রহ্মাভ্যাসস্য পরব্রহ্মাভ্যাসঃ প্রয়োজনমিত্যুক্তম্। তত্র সর্ব্বেষ্বেবাংশেষু বিশেষতঃ উপনিষদ্ভাগে শব্দব্রহ্মণস্তৎপ্রতিপাদকত্বেস্থিতেঽপি তদ্বিচার-কোটিভিরপি পরব্রহ্মনিষ্ঠা ন জায়তে কিন্তু তস্মিন্ যস্মিন্নংশে শ্রীভগবদাকার-পরব্রহ্ম-লীলাদিকং প্রতিপাদ্যতে তদভ্যাসেনৈব ভগবদাকারে ব্রহ্মাকারেচ নিষ্ঠা জায়তে। তদুক্তম্ সংসারসিন্ধুমতিদুস্তরমুত্তিতীর্ষোর্নান্যঃ প্লবো ভগবতঃ পুরুষোত্তমস্য। লীলাকথা-রসনিষেবণমন্তরেণ পুংসোভবেদ্বিবিধদুঃখবার্দ্দিতস্য। শ্রেয়ঃ স্মৃতিং ভক্তিমুদস্য তে বিভো ক্লিশ্যন্তি যে কেবলবোধলব্ধয়ে। তেষামসৌ ক্লেশল এবশিষ্যতে নান্যদ্‌যথা স্থূলতুষাবঘাতিনামিত্যাদি চ। অতএব মদীয়লীলাশূন্যাং বৈদিকীমপি বাচং নাভ্যসেদিত্যাহ দ্বাভ্যাম্—গাং দুগ্ধদোহামসতীঞ্চ ভার্য্যাং দেহং পরাধীনমসৎপ্রজাঞ্চ বিত্তন্ত্বতীর্থীকৃতমঙ্গ বাচং হীনাং ময়া রক্ষতি দুঃখ-দুঃখী॥ ৬৮॥

এই শ্লোকে অর্থাৎ "ন নিষ্ণায়াৎ পরে যদি"—এই চরণের "পর" শব্দের অর্থ পরতত্ত্ব মাত্র বুঝিতে হইবে, কিন্তু ব্রহ্ম অথবা ভগবৎ স্বরূপকে লক্ষ্য করিয়া পরব্রহ্ম শব্দ প্রয়োগ হইয়া থাকে। তাহা হইলে পূর্ব্বপ্রকারে ইহাই বলা হইল যে, শব্দব্রহ্ম বেদ ও বেদানুগত শাস্ত্র অধ্যয়নের মুখ্য ফল পরব্রহ্ম উপাসনা। যদি শাস্ত্র অধ্যয়ন করিয়া পরমেশ্বরের উপাসনা করা না হয়, তাহা হইলে শাস্ত্র অধ্যয়ন বৃথা শ্রমমাত্র। যত্তদি শব্দব্রহ্ম সেই বেদের সকল অংশেই বিশেষতঃ উপনিষদ্ বিভাগে পরতত্ত্বই প্রতিপাদন করা হইয়াছে, তথাপি সেই উপনিষদ্ বিভাগে পুঙ্খানুপুঙ্খরূপে কোটি কোটি বার বিচার করিলেও পরব্রহ্মে নিষ্ঠার উদয় হইবে না। কিন্তু সেই শব্দব্রহ্ম বেদের যে অংশে শ্রীভগবৎস্বরূপ পরব্রহ্মের রূপ-গুণ-লীলাদি প্রতিপাদন করা হইয়াছে, সেই অংশের অভ্যাসের দ্বারাই শ্রীভগবৎস্বরূপে এবং নির্ব্বিশেষ